



পুলিশ সদর দপ্তরের নামে কুমিল্লা এসপিকে প্রত্যাহারের গুজব



এসপি আনিসুজ্জামান। ছবি: সংগৃহীত

কুমিল্লার পুলিশ সুপার মো. আনিসুজ্জামানকে দায়িত্ব থেকে প্রত্যাহার করা হয়েছে— এমন দাবি করে পুলিশ সদর দপ্তরের নামে একটি ভুয়া চিঠি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। তবে সংশ্লিষ্ট কর্মকর্তারা চিঠিটিকে সম্পূর্ণ মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত বলে জানিয়েছেন।

ভাইরাল হওয়া চিঠিতে দাবি করা হয়, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লা অংশে একটি মিছিলের ঘটনায় প্রশাসনিক কারণে তাকে প্রত্যাহার করে ডিএমপিতে সংযুক্ত করা হয়েছে। কিন্তু জেলা পুলিশের কর্মকর্তারা জানান, সরকারি আদেশের প্রয়োজনীয় কাঠামো ও অনুলিপি না থাকায় সহজেই বোঝা যাচ্ছে এটি ভুয়া।

পুলিশের একটি সূত্র বলছে, সাম্প্রতিক সময়ে অস্ত্র ও মাদক উদ্ধার, সন্ত্রাসী গ্রেপ্তার এবং স্বচ্ছ নিয়োগ কার্যক্রমের কারণে একটি মহল অসন্তুষ্ট হয়ে অপপ্রচার চালাতে পারে। এ বিষয়ে পুলিশ সুপার মো. আনিসুজ্জামান বলেন, সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া চিঠিটি পুলিশ সদর দপ্তরের নয়। একটি চক্র পরিকল্পিতভাবে তার বিরুদ্ধে বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করছে।

বিসিএস ২৫তম ব্যাচের কর্মকর্তা আনিসুজ্জামান গত বছরের ২৯ নভেম্বর কুমিল্লার পুলিশ সুপার হিসেবে দায়িত্ব নেন। এর আগে তিনি ঢাকা জেলার পুলিশ সুপার ছিলেন।